**17 January 2024**

## National & International News

### অ্যান্টিবায়োটিকের উপর NCDC সমীক্ষা




প্রসঙ্গ

- NCDC সমীক্ষা অনুসারে, **20**টি হাসপাতালের মধ্যে **13**টিতে, **70%** এরও বেশি রোগীকে অন্তত একটি অ্যান্টিবায়োটিক দেওয়া হয়েছিল
- প্রতিবেদনের ফলাফলগুলি যথেষ্ট উদ্বেগজনক কারণ ভারত সেই কয়েকটি দেশের মধ্যে রয়েছে যেখানে অ্যান্টিমাইক্রোবিয়াল প্রতিরোধ ক্ষমতা উল্লেখযোগ্যভাবে বেশি।
- অ্যান্টিবায়োটিকসহ অ্যান্টিমাইক্রোবিয়াল অপব্যবহার বা এই জাতীয় ওষুধ অতিরিক্ত প্রেসক্রাইব করা হলে এই ধরনের প্রতিরোধ গড়ে ওঠে।

মূল তথ্য

WHO এর মতে, 2019 সালে **1.27** মিলিয়ন বিশ্বব্যাপী মৃত্যুর জন্য অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স সরাসরি দায়ী ছিল এবং **4.95** মিলিয়ন মৃত্যু ঘটিয়েছিল।

**NCDC** সম্পর্কে

- ন্যাশনাল সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি) পূর্বে ন্যাশনাল ইনস্টিটিউট অফ কমিউনিকেবল ডিজিজেস **(NICD)** নামে পরিচিত ছিল। **1909** সালে হিমাচল প্রদেশের কাসাউলিতে প্রতিষ্ঠিত সেন্ট্রাল ম্যালেরিয়া ব্যুরো হিসাবে প্রাথমিকভাবে এর উৎস ছিল।
- 2009 সালে উদীয়মান এবং পুনরুত্থিত রোগ নিয়ন্ত্রণের একটি বৃহত্তর আদেশের সাথে NICD কে জাতীয় রোগ নিয়ন্ত্রণ কেন্দ্রে **(NCDC)** রূপান্তরিত করা হয়।
- এটি সংক্রামক রোগ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণের সুবিধার্থে রোগ নজরদারির জন্য নোডাল এজেন্সি হিসাবে কাজ করে।
- এটি জনস্বাস্থ্য, বৈজ্ঞানিক পরীক্ষাগার এবং কীটতত্ত্ব পরিষেবার জন্য উল্লেখযোগ্য। এছাড়াও, এটি জনশক্তি প্রশিক্ষণের জন্য একটি জাতীয়-স্তরের প্রতিষ্ঠান এবং বিভিন্ন ফলিত গবেষণা কার্যক্রমের সাথে এটি জড়িত।

### কুনো জাতীয় উদ্যান (KNP)



প্রসঙ্গ

আফ্রিকা থেকে আমদানি করা 20টি চিতার মধ্যে আরও একটি চিতা সম্প্রতি মারা গেছে।

কুনো জাতীয় উদ্যান **(KNP)** সম্পর্কে:

- মধ্যপ্রদেশের শেওপুর জেলায় এটি অবস্থিত।
- এটি বিন্ধ্য পর্বতের কাছে অবস্থিত।
- এটির নামকরণ করা হয়েছে কুনো নদীর (চম্বল নদীর অন্যতম প্রধান উপনদী) নামানুসারে। কুনো নদী এই জাতীয় উদ্যানকে অতিক্রম করেছে।
- প্রাথমিকভাবে একটি বন্যপ্রাণী অভয়ারণ্য হিসাবে প্রতিষ্ঠিত হয়। পরে 2018 সালে সরকার একে একটি জাতীয় উদ্যানের মর্যাদা দেয়।

| | |
|---|---|
| | • কুনো জাতীয় উদ্যানকে 'ভারতে চিতা আনার জন্য অ্যাকশন প্ল্যান'-এর **(Action Plan for Introduction of Cheetah in India')** অধীনে নির্বাচিত করা হয়েছিল।<br>• গাছপালা: কুনো প্রাথমিকভাবে একটি তৃণভূমি অঞ্চল, যদিও এখানে কয়েকটি পাথুরে ফসল পাওয়া যায়।<br>• উদ্ভিদ: কুনো ন্যাশনাল পার্কের বনাঞ্চলে কর্ধাই, সালাই এবং খয়ের গাছের প্রাধান্য রয়েছে। এর বেশিরভাগই মিশ্র বন।<br>• পার্কটিতে মোট 123টি গাছের প্রজাতি, 71টি গুল্মের প্রজাতি, 32টি এক্সোটিক এবং আরোহণকারী উদ্ভিদপ্রজাতি এবং 34টি বাঁশ ও ঘাসের প্রজাতি রয়েছে।<br>• প্রাণীজগত: এই বনের সংরক্ষিত এলাকা জংলী বিড়াল, ভারতীয় চিতাবাঘ, স্লথ বিয়ার (ভালুক), ভারতীয় নেকড়ে, ডোরাকাটা হায়েনা, সোনালি শিয়াল, বেঙ্গল ফক্স এবং ঢোলসহ 120টিরও বেশি প্রজাতির পাখির আবাসস্থল। |
| প্রতিরক্ষা সম্পর্ক নিয়ে ভারত ও সৌদি আরব আলোচনা করেছে | প্রসঙ্গ<br>• ভারত ও সৌদি আরব নৌবাহিনী সহযোগিতা (নেভি -টু-নেভি কো-অপারেশন), যৌথ প্রশিক্ষণ, এবং প্রতিরক্ষা উৎপাদনে যৌথ উদ্যোগের সুযোগ বাড়ানোর বিভিন্ন উপায় নিয়ে আলোচনা করেছে।<br>• পারস্পরিক কৌশলগত আগ্রহ, দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সহযোগিতা, প্রতিরক্ষা উত্পাদন এবং প্রযুক্তি সহযোগিতায় যৌথ উদ্যোগের সুযোগ তথা যৌথ সামরিক প্রশিক্ষণের বিষয় নিয়ে দুটি দেশের মধ্যে আলোচনা হয়েছে, যা উভয় দেশের মধ্যে যথাযথ ও শক্তিশালী সম্পর্ককে বোঝায়। |
| ভারতের কাবিল **(KABIL)** আর্জেন্টিনায় পাঁচটি লিথিয়াম ব্লক কিনেছে<br> | প্রসঙ্গ<br>• ভারত আর্জেন্টিনায় পাঁচটি লিথিয়াম ব্লক অধিগ্রহণের কথা ঘোষণা করেছে।<br>• খনি মন্ত্রকের অধীনস্থ খনিজ বিদেশ ইন্ডিয়া লিমিটেড **(KABIL)** কাতামার্কা প্রদেশে অবস্থিত আর্জেন্টিনার রাষ্ট্রীয় মালিকানাধীন ক্যাটামার্কা মিনেরা ওয়াই এনারজেটিকা সোসিয়েদাদ দেল এস্তাদো **(CAMYEN)** এর সাথে একটি চুক্তি স্বাক্ষর করেছে।<br><br>গুরুত্বপূর্ণ দিক<br>• কাবিল ব্লকগুলির জন্য অনুসন্ধান এবং এক্সক্লুসিভিটি অধিকার পেয়েছে এবং এটি পাঁচটি লিথিয়াম ব্রাইন ব্লকের অন্বেষণ ও উন্নয়ন শুরু করবে। এগুলি হল— কর্টাডেরা-**I**, কর্টাডেরা-**VII**, কর্টাডেরা-**VIII**, **Cateo-2022-01810132**, এবং **Cortadera-VI**। এগুলি প্রায় 15,703 হেক্টর এলাকা জুড়ে রয়েছে।<br>• কাবিল ক্যাটামার্কায় একটি শাখা অফিস স্থাপনের প্রস্তুতি নিচ্ছিল। এর কর্মকর্তারা বিজনেস লাইনকে জানিয়েছেন, প্রকল্পের খরচ (উন্নয়ন ও অনুসন্ধানের জন্য) প্রায় 200 কোটি টাকা খরচ হবে এবং এর সময় লাগতে পারে পাঁচ বছর।<br><br>মূল তথ্য<br>ভারতের লিথিয়ামের চাহিদার পরিমাণ প্রায় ₹24,000 কোটি, ja মূলত আমদানির মাধ্যমেই মেটানো হয়। এই সরবরাহের সিংহভাগ আসে চীন থেকে। একে প্রায়শই 'সাদা সোনা' বলা হয়। লিথিয়াম গ্রিন ট্রানজিশন' এর চাবিকাঠি। |

| | |
|---|---|
| | এটি এনার্জি স্টোরেজ এর সমাধান হিসেবে, মোবাইল ফোনের ব্যাটারি এবং ইলেকট্রনিক ভেহিকেল তৈরিতে ব্যবহৃত হয়। |

***Copyright © by Adda247***

*All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording, or otherwise, without prior permission of Adda247.*